যুলুম কিয়ামতের দিন অন্ধকারস্বরূপ

ইবন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে মারফু হিসেবে বর্ণিত, “যুলুম কিয়ামতের দিন অনেকগুলো অন্ধকার হবে।” জাবের রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত,
“তোমরা অত্যাচার করা থেকে বেঁচে থাকো। কেননা অত্যাচার কিয়ামতের দিন অন্ধকারস্বরূপ। আর তোমরা কৃপণতা থেকে দূরে থাকো। কেননা কৃপণতা তোমাদের পূর্বের লোকেদের ধ্বংস করেছে।” [উভয় বর্ণনাসহ সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীস দু’টি অত্যাচার হারাম হওয়ার প্রমাণ। এটি সর্ব প্রকার যুলুমকে সামিল করে। যেমন, আল্লাহর সাথে শির্ক করা। আর হাদীস দু’টিতে তার বাণী: “অত্যাচার কিয়ামতের দিন অন্ধকারস্বরূপ।” এর অর্থ হলো, কিয়ামাতের দিন তা অত্যাচারীর জন্য লাগাতার অন্ধকার হবে। ফলে সে রাস্তা খুঁজে পাবে না। আর দ্বিতীয় হাদীসে তার বাণী: “আর তোমরা কৃপণতা থেকে দূরে থাকো। কেননা, কৃপণতা পূর্ববর্তী লোকেদেরকে ধ্বংস করেছে।” এখানে কৃপণতা থেকে সর্তক করা হয়েছে যে, সমাজে যখন কৃপণতা বৃদ্ধি পাবে তখন তা হবে ধ্বংসের আলামত। কারণ, কৃপণতা যুলুম, সীমালঙ্ঘন, বাড়াবাড়ি ও রক্তপাতের কারণ।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5328